Visit Our Website : www.bari.gov.bd

বিএআরআই
# সংবাদ

বর্ষ ২৮ সংখ্যা ১ জানুয়ারি-মার্চ ২০১৬ পৌষ-ফাল্গুন ১৪২২

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## কীটতত্ত্ব সমিতির রজত জয়ন্তী অনুষ্ঠিত



বিএআরআই পরিদর্শনকালে মাননীয় সংস্কৃতি মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি, ইনস্টিটিউট মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল,ড. ভাগ্য রানী বণিক, পরিচালক (প্র. ও যো.) এবং অন্যান্য বিজ্ঞানীবৃন্দ

গত ৯ ফেব্রুয়ারি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ড. কাজী এম বদরুদ্দোজা মিলানায়তনে বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির 'রজত জয়ন্তী' অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, জনাব আসাদুজ্জামান নূর, এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফএও বাংলাদেশ, রিপ্রেজেনটেটিভ মি. মাইক রবসন । উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির সভাপতি এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর উপাচার্য প্রফেসর ড. মো. মাহবুবর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল। স্বাগত বক্তব্য ও 'বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির ২৫ বছর' বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির জ্যেষ্ঠ সহ-সভাপতি এবং কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সৈয়দ নূরুল আলম। উদ্বোধন অনুষ্ঠানের পর মাননীয় মন্ত্রীকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। তিনি অত্র ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমে অত্যন্ত সন্তোষ প্রকাশ করেন এবং সেই সাথে উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশে বিভিন্ন ফসলের উৎপাদন ও কৃষকের আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ প্রয়াস চালিয়ে যাওয়ার জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের *এরপর পৃষ্ঠা ২*

## বিএআরআই মহাপরিচালক মহোদয়ের বঙ্গবন্ধু'র সমাধিতে শ্রদ্ধা নিবেদন

গত ২১ জানুয়ারি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি টুঙ্গিপাড়া পৌঁছে জুমার নামাজ আদায় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধের বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। পরে তিনি পবিত্র ফাতেহা পাঠ ও বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাত করেন। এ সময় তার সহধর্মিনী বেগম রেহানা পারভীন, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক ড. আ.সা.ম মাহাবুবুর রহমান খান, ঈশ্বরদী ডাল গবেষণা কেন্দ্রের পরিচালক ড. জেবুন্নেছা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. সিরাজুল ইসলাম, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আবুল হোসেন, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদীর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব শেখ মোস্তফা জামান, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, গাজীপুর এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ওমর আলী, গোপালগঞ্জ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব এইচ এম খায়রুল বাসার সহ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীবৃন্দ ও কৃষি বিভাগের পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরে মহাপরিচালক মহোদয় জাতির জনকের স্মৃতি বিজড়িত আবাসস্থল পরিদর্শন ও পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন। ■



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধের বেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল

## সম্পাদকীয়

সম্প্রতি ঢাকায় অনুষ্ঠিত হলো সার্ক কৃষিমন্ত্রীদের সম্মেলন, যেখানে খাদ্য নিরাপত্তায় ফুড ব্যাংক প্রতিষ্ঠার আহবান জানিয়েছেন আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যা নিয়ে কারও দ্বিমত থাকার কথা নয়। বর্তমান সরকারের সুদক্ষ ব্যবস্থাপনায় কৃষিতে আমাদের অর্জন ঈর্ষণীয়। খাদ্য ঘাটতি পূরণ করে আমরা এখন উদ্বৃত্তর কথা জোরে সরে বলতে পারছি। এক দশক আগেও চিত্রটা ছিল হতাশার। বিদেশ থেকে খাদ্য আমদানি না করলে আমরা আমাদের প্রয়োজন মেটাতে পারতাম না। স্বল্প পরিসরে হলেও খাদ্য রপ্তানি শুরু হয়েছে। আশা, আগামিতে এ চিত্র হবে উৎসাহব্যঞ্জক। যদিও দেশের মানুষ বেড়েছে, বেড়েছে তার খাদ্য চাহিদা, শুধু কমেছে আবাদি জমির পরিমাণ। দেশ যখন উন্নয়নের পথে হাঁটতে থাকে তখন নগরায়ণ বাড়তে থাকে, কৃষি জমি কিছুটা কমতে থাকে। পরিবর্তনশীল আবহাওয়ায় বৈশ্বিক পরিবর্তন আরও একটি বড় চ্যালেঞ্জ। সারা পৃথিবীতে বিষয়টি যখন বড় ভাবনার তখন সব ভাবনাকে পিছনে ফেলে বর্তমান সরকারের সুদক্ষ ব্যবস্থাপনায় আমরা এগিয়ে চলছি। সরকারের লক্ষ্য বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা নিরলস গবেষণা চালিয়ে যাচ্ছেন। গত নয় মাসের জিডিপির চিত্রটা আমদের সবাইকে উৎসাহিত করেছে। সারা বিশ্বে জিডিপির চিত্রটা যেখানে নিম্নমুখী সেখানে আমদের জিডিপি বেড়ে সাত। একটি সরকারের সুদক্ষ ব্যবস্থাপনা দেশকে সব বড় চ্যালেঞ্জ মোকাবেলা করে কতটা এগিয়ে নিতে পারে এটি তার জ্বলন্ত উদাহরণ। আমরা বর্তমান সরকারের অগ্রযাত্রা অব্যাহত থাকুক এই প্রত্যাশা জ্ঞাপন করছি। ■

## "প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর উদ্যোগে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক ৫ (পাঁচ) দিনব্যাপী ২টি ব্যাচে প্রশিক্ষণ যথাক্রমে ৬-১০ মার্চ এবং ২৭-৩১ মার্চ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, ভাণ্ডাররক্ষক, সাঁটলিপিকারগণ অংশগ্রহণ করেন। প্রতিটি ব্যাচে ৩০ জন করে মোট ৬০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে মহাপরিচালক, পরিচালকবৃন্দ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, যুগ্মপরিচালক, উপপরিচালক এবং সিনিয়র সহকারী পরিচালক প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণে বিএআরআই এর সাংগঠনিক কাঠামো, উদ্ভাবিত প্রযুক্তিসমূহ, উন্নয়ন প্রকল্প প্রণয়ন, তদন্ত প্রতিবেদন, নিয়োগ, পদোন্নতি, বাজেট প্রস্তুত প্রক্রিয়া, নিরীক্ষা বিধিমালা, ছুটিবিধি, চাকুরী বিধিমালা, পেনশন, জিপিএফ, বেতন নির্ধারণী বিধি, নথি সংরক্ষণ, প্রশিক্ষণ নীতিমালা, নথি লিখন পদ্ধতি, প্রকিউরমেন্ট বিধিমালা, ভাণ্ডার সংরক্ষণবিধি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ড. ভাগ্য রানী বণিক, পরিচালক (প্র. ও যো.) সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন। ■

## ইউএসএআইডি-এর উর্ধ্বতন কর্মকর্তাদের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র রহমতপুর, বরিশালে বারি বিটি বেগুনের মাঠ প্রদর্শন

গত ২ মার্চ মো. সাঈদ শিবলী, প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেসালিষ্ট, ইউএসএআইডি, ঢাকা এবং ড. জি পি দাস, কান্ট্রি কো-অর্ডিনেটর, ABSP II, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর, বরিশাল এর প্রজনন বীজ উৎপাদনের মাঠ পর্যবেক্ষণ করেন। অত্র গবেষণা কেন্দ্রে এ বছর ০৪ বিঘা জমিতে প্রায় ৮০ কেজি প্রজনন বীজ উৎপান্ন হবে। যা থেকে পরবর্তী বছরে বিএডিসির মাধ্যমে কৃষক পর্যায়ে বারি বিটি বেগুনের বীজ সরবরাহ করা হবে। অবমুক্ত বিটি বেগুনের প্রধান সুবিধা হলো বেগুনের প্রধান শত্রু ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ থেকে বেগুনকে রক্ষা করে। উদ্ভাবিত বিটি বেগুনের জাতসমূহ হাইব্রিড না হওয়ায় কৃষকেরা নিজেদের বীজ নিজেরাই



ইউএসএআইডি-এর উর্ধ্বতন কর্মকর্তাদের বরিশালে বারি বিটি বেগুনের মাঠ প্রদর্শন

উৎপাদন ও সংরক্ষণ করতে পারবে। কীটনাশক ব্যবহার সীমিত হওয়ায় পরিবেশ দূষণ কম হবে ও কৃষকের স্বাস্থ্য ভাল থাকবে। ■

## কীটতত্ত্ব সমিতি...

১ম পৃষ্ঠার পর

বিজ্ঞানীদের আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠান শেষে বাংলাদেশ কীটতত্ত্ব সমিতির সাধারণ সম্পাদক ড. দেবাশীষ সরকার উপস্থিত সকলের উদ্দেশ্যে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রায় ৩০০ জন কীটতত্ত্ববিদ অংশগ্রহণ করেন। ■

## সেমিনার সংবাদ



পরিচালক (প্র. ও যো.) ড. ভাগ্য রানী বণিক এর হাত থেকে সার্টিফিকেট গ্রহণ করছেন ড. মোহাম্মদ কামরুল ইসলাম মতিন

গত ১৭ ফেব্রুয়ারি সেমিনার রুম বিএআরআই, গাজীপুরে "Parental Diversity, Combining Ability And Heterosis Of Maize (Zea mays L.) Hybrid Under Water Logging Condition" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ কামরুল ইসলাম মতিন, বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ভাগ্য রানী বণিক, পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. লুৎফর রহমান, সিএসও, প্রশিক্ষণ ও যোগাযোগ, ড. মো. আজিমউদ্দিন, সিএসও, এএসআইসিটি এবং ড. মো. আমিরুজ্জামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ। সেমিনারটিতে ৭০ জন বিজ্ঞানী উপস্থিত ছিলেন। উপস্থাপন শেষে হাইব্রিড ভুট্টা ও জলাবদ্ধতা সম্পর্কে বিজ্ঞানীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন উপস্থাপক। পরিশেষে প্রধান অতিথির নিকট থেকে ড. মোহাম্মদ কামরুল ইসলাম মতিন সনদপত্র গ্রহণ করেন। ■

গত ২৪ ফেব্রুয়ারি বিএআরআই সেমিনার কক্ষে "হাইড্রোপনিক পদ্ধতিতে মানসম্পন্ন সবজি ও শোভা বর্ধনকারী ফসল উৎপাদনে প্রতিবন্ধকতা ও মানদেহের জন্য উপকারীতা" সম্পর্কে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। ড. মো. আসাদুজ্জামান, বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র সেমিনারে তার গবেষণালব্ধ ফলাফল উপস্থাপন করেন। মানসম্পন্ন উদ্যানতাত্ত্বিক ফসলের উৎপাদনের সময় প্রতিবন্ধকতা এবং মানবদেহের উপর

*এরপর পৃষ্ঠা ৩*

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## মাঠ দিবস সংবাদ

গত ২৯ ফেব্রুয়ারি, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর এর সহযোগিতায় এবং ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রডাক্টিভিটি প্রকল্প (আইএপিপি) এর অর্থায়নে বাবুগঞ্জ উপজেলার মাধবপাশা ইউনিয়নের পাংশা গ্রামে "আইএপিপি প্রকল্পের আওতায় গম ফসলের প্রর্দশনীর" উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ জালাল উদ্দিন, প্রকল্প সমন্বয়কারী, আইএপিপি (বারি-পার্ট) ও পরিচালক (গবেষণা), বিএআরআই, গাজীপুর। প্রধান অতিথি




তার বক্তব্যে বারি গম ২৬ একটি তাপসহিষ্ণু এবং স্বল্পদিনের জাত হওয়ায় দক্ষিণাঞ্চলের আবহাওয়ার উপযোগী হিসেবে এর চাষাবাদের গুরুত্ব তুলে ধরেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর-এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল ওহাব। উক্ত মাঠ দিবসে আইএপিপি প্রকল্পের ঊর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বৈজ্ঞানিক সহকারী, কমিউনিটি ফেসিলেটেটর, উপ-সহকারী কৃষি কর্মকর্তা ছাড়াও প্রায় ১০০ জন কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন। ■

গত ২৯ ফেব্রুয়ারি, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর-এর সহযোগিতায় এবং ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রডাক্টিভিটি প্রকল্প (আইএপিপি)-এর অর্থায়নে বাবুগজ্ঞ উপজেলার মাধবপাশা ইউনিয়নের পাংশা গ্রামে "আইএপিপি প্রকল্পের আওতায় সরিষা ফসলের প্রর্দশনীর" উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ জালাল উদ্দিন, প্রকল্প সমন্বয়কারী, আইএপিপি (বারি-পার্ট)




ও পরিচালক (গবেষণা), বিএআরআই, গাজীপুর। প্রধান অতিথি তার বক্তব্যে দক্ষিণাঞ্চলের শস্য বিন্যাসে আমন ধান কাটার পর পতিত জমিতে এই স্বল্পমেয়াদী বারি সরিষা ১৭ চাষ করে কিভাবে আর্থিকভাবে লাভবান হওয়া যায় এবং তার সাথে কিভাবে পারিবারিকভাবে তেলের চাহিদা পূরণ করা যায় সেই সম্পর্কে আলোকপাত করেন।

গত ২৩ জানুয়ারি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, দুমকী, পটুয়াখালী পরিদর্শন করেন। উক্ত কৃষক সমাবেশে সভাপতিত্ব করেন কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মোস্তাফিজুর রহমান তালুকদার। উক্ত অনুষ্ঠানে প্রায় ২০০ জন




কৃষক কৃষাণী অংশগ্রহণ করেন। উল্লেখ্য, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, দুমকী, পটুয়াখালীর মাধ্যমে বারি বিটি বেগুন-২ এর ২০টি সফল প্রদর্শণী প্লট স্থাপন করা হয়েছে। বিটি বেগুন বিষয়ক কৃষক সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএআরআই মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল ■

## সেমিনার সংবাদ

২য় পৃষ্ঠার পর

উপকারীতা সম্পর্কিত গবেষণা উপস্থাপন করা হয়। সেমিনারে বক্তা উল্লেখ্য করেন যে, অটোটক্সিসিটি একটি অবস্থা যা একই ফসল একই জমিতে বছরের পর বছর চাষ করলে অথবা রিসাইক্লিং হাইড্রোপনিক এর ক্ষেত্রে দেখা যায় এবং এর প্রেক্ষিতে পরবর্তি ফসলের ফলন কমে যায়। সেমিনারের দ্বিতীয় অংশে কিভাবে হাইড্রোপনিক পদ্ধতিতে মানব দেহের জন্য বিশেষায়িত খাবার উৎপাদন করা যায় তার উপর আলোচনা করা হয়। ক্রনিক কিডনি ডিজিস রোগীর জন্য কম পটাশিয়াম সম্পন্ন মেলন ও স্ট্রবেরি উৎপাদনের গবেষণা লব্ধ ফলাফল উপস্থাপন করা হয়। সেমিনারে অংশগ্রহণমূলক আলোচনা শেষে বিজ্ঞানীরা হাইড্রোপনিক পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের শহর অঞ্চল ও এর আশেপাশে এলাকায় গুণগত ও উচ্চ মূল্যসম্পন্ন সবজি উৎপাদনের উপর পরামর্শ প্রদান করা হয়। সবশেষে ড. মো. লুৎফর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং বক্তাকে সফলভাবে সেমিনার প্রদানের জন্য সার্টিফিকেট প্রদান করেন। ■

## গোপালগঞ্জ বেসিনে মসুর ও সরিষার আধুনিক প্রযুক্তির উপর মাঠ দিবস ও কৃষক সমাবেশ-২০১৬ অনুষ্ঠিত



ডাল গবেষণা উপ-কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় গত ২২ জানুয়ারি সদর গোপালগঞ্জের, জালালাবাদ ইউনিয়নে গোপালগঞ্জ বেসিনে মসুর ও সরিষার উন্নত প্রযুক্তির অংশগ্রহণমূলক প্রদর্শনী ব্লকের উপর মাঠ দিবস ও কৃষক সমাবেশ-২০১৬ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল উক্ত মাঠ দিবস ও কৃষক সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডাল গবেষণা কেন্দ্র ঈশ্বরদী, পাবনার পরিচালক জেবুন নেছা এর সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবস কার্যক্রমে আরও বক্তব্য রাখেন কৃষি গবেষণা ফাউন্ডেশনের পরিচালক গবেষণা ড. মো. আব্দুর রাজ্জাক, গোপালগঞ্জের জেলা প্রশাসক জনাব মো. খলিলুর রহমান, ডাল গবেষণা উপ-কেন্দ্রে, বারি, গাজীপুরের, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও গোপালগঞ্জ বেসিনের পাইলট প্রকল্পের পিআই ড. মো. আশরাফ হোসেন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর গোপালগঞ্জের উপ-পরিচালক সমীর কুমার গোস্বামী ও স্থানীয় জনপ্রতিনিধি ও কৃষক-কৃষাণীবৃন্দ। সম্মানিত অতিথিবৃন্দ সরেজমিনে কৃষকদের মাঠ পরিদর্শনপূর্বক কৃষকদের সাথে মত বিনিময় করেন। প্রধান অতিথি তার বক্তব্যে মাটি ও কৃষকের স্বাস্থ্যরক্ষা, আয় বৃদ্ধি ও পরিবেশের ভারসাম্য রক্ষার্থে ফসলধারায় ডাল ফসল চাষে প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি মসুর ও সরিষার অংশগ্রহণমূলক প্রদর্শনী ব্লকের ফসল দেখে অভিভূত হন এবং গোপালগঞ্জের অবহেলিত জনপদে প্রযুক্তি হস্তান্তর কার্যক্রম গ্রহণের জন্য ডাল গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, গাজীপুর এবং কৃষি গবেষণা ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম ভবিষ্যতে আরও জোরদার করার জন্য সংশ্লিষ্টদেরকে পরামর্শ দেন। উক্ত মাঠদিবস ও কৃষক সমাবেশে ফরিদপুর, বরিশাল ও যশোর অঞ্চলের কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের বিজ্ঞানীবৃন্দ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, এনজিও কর্মী, প্রিন্টিং ও ইলেকট্রোনিক মিডিয়ার কর্মী, স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রায় পাঁচ শতাধিক কৃষক-কৃষাণী অংশগ্রহণ করেন। ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## CIMMYT এর মহাপরিচালক কর্তৃক বিএআরআই পরিদর্শন



CIMMYT এর মহাপরিচালক বিএআরআই, গাজীপুরে ভুট্টার গবেষণা মাঠ পরিদর্শন করছেন, পাশে উপবিষ্ট পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ জালাল উদ্দীন

গত ১০ মার্চ আন্তর্জাতিক গম ও ভুট্টা উন্নয়ন কেন্দ্র CIMMYT, মেক্সিকো এর মহাপরিচালক Dr. Martin Kropff এবং CSISA III এর বাংলাদেশ কো-কোর্ডিনেটর ও CSISA-MI এর প্রজেক্ট লিডার, William Joseph Collis এবং CIMMYT এর বাংলাদেশ প্রতিনিধি, Dr. T.P. Tiawari বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট পরিদর্শন করেন। এ সময় ড. মোহাম্মদ জালাল উদ্দীন, পরিচালক (গবেষণা), ড. ভাগ্য রানী বণিক, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ), ড. বীরেশ কুমার গোস্বামী, পরিচালক (সেবা ও সরবরাহ) ও অন্যান্য পরিচালক এবং বিজ্ঞানীবৃন্দ অতিথিবৃন্দকে স্বাগত জানান। এরপর মহাপরিচালকের সম্মেলন কক্ষে অতিথি বৃন্দকে বিএআরআই কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন গবেষণা ও প্রযুক্তিসমূহ সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করা হয়। CIMMYT এর মহাপরিচালক বিএআরআই এর ফসলের উপর গবেষণা কাজের বিশেষ প্রশংসা করেন। অতঃপর অতিথিবৃন্দ উদ্ভিদ প্রজনন বিভাগ এবং গম গবেষণা উপ-কেন্দ্র, গাজীপুর এর গবেষণা মাঠ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের সময় পরিচালক (গবেষণা) সহ গম গবেষণা কেন্দ্র ও উদ্ভিদ প্রজনন বিভাগের সকল বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শকবৃন্দ বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে ভুট্টার খাটো জাত উদ্ভাবন কার্যক্রমের প্রশংসা করেন। পাশাপাশি বেবিকর্ন, পপকর্ন এবং সুইট কর্নসহ অন্যান্য হাইভ্যালু ক্রপের হাইব্রিড ভুট্টা উদ্ভাবন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। এছাড়াও পরিদর্শনের সময় CIMMYT এর মহাপরিচালক মহোদয়ের সহধর্মিনী, Dr. Nynke Nammensma উদ্ভিদ প্রজনন বিভাগে ভুট্টা গবেষণায় বেশি সংখ্যক মহিলা বিজ্ঞানী থাকায় বিশেষ সন্তোষ প্রকাশ করেন। ■

## পিএইচডি ডিগ্রি অর্জন



মো. শাহ আলম

মো. শাহ আলম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, অনিষ্টকারী মেরুদন্ডী প্রাণি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর সম্প্রতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর হতে কীটতত্ত্ব বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তার গবেষণার বিষয় ছিল Bioecology of a larval parasitoid *Bracon hobetor* say for the management of some vegetable pests. তার গবেষণা কাজের মুখ্য তত্ত্বাবধায়কের দ্বায়িত্ব পালন করেন অধ্যাপক ড. মো. জিন্নাতুল আলম, কীটতত্ত্ব বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর। তিনি কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সৈয়দ নূরুল আলম এর তত্ত্বাবধানে গবেষণার কাজ সম্পন্ন করেন। তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট চলমান গবেষণা কর্মসূচি জোরদারকরণ প্রকল্প এর বৃত্তি নিয়ে গবেষণা কাজ সমাপ্ত করেন। তাঁর গবেষণা লব্ধ ফলাফল বাংলাদেশে জৈবিক উপায়ে পোকামাকড় দমন এবং খাদ্য নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ■



মুহাম্মদ দেলোয়ার হোসেন প্রধান

মুহাম্মদ দেলোয়ার হোসেন প্রধান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর সম্প্রতি Aristotle University of Thessaloniki, Greece হতে Plant Protection (Pesticide Science) বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল "Variability of Pesticide Residue in Medium and Large Size Vegetable Crop Units"। তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ের Plant Protection বিভাগের Prof. Dr. Euphemia Papadopoulou Mourkidou এর তত্ত্বাবধানে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন। তিনি উক্ত বিশ্ববিদ্যালয় হতে Excellent grade (10 out of 10) পেয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি State Scholarship Foundation, Greece কর্তৃক প্রদত্ত বৃত্তির অর্থায়নে তাঁর অধ্যয়ন সম্পন্ন করেন। তার গবেষণালব্ধ জ্ঞান ফলমূল, শাকসবজি, মাছ, তামাক, চা তে বহুবিধ বালাইনাশকের অবশিষ্টাংশের (Multiple Pesticide Residues) উপস্থিতি ও পরিমাণ নিরূপনের জন্য আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য পদ্ধতি উদ্ভাবনে সহায়ক হবে যা বাংলাদেশের রপ্তানি শিল্পে বিভিন্ন প্রকার সবজি, চিংড়ি, তামাক, চা ইত্যাদি রপ্তানিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। ■



ইমরুল মোছাদ্দেক আহমদ

ইমরুল মোছাদ্দেক আহমদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর সম্প্রতি Zhejiang University, Hangzhou, P.R. China হতে Crop Science (Crop Genetics and Breeding) বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল Physiological Mechanism, Stress-ypecific Proteins for the Tolerance to Combined Stress of Drought and Salinity in Tibetan Wild Barley, তাঁর গবেষণা কাজের মুখ্য তত্ত্বাবধায়ক ছিলেন Professor Dr. Feibo Wu, Department of Agronomy, College of Agriculture and Biotechnology, Zhejiang University, China. তিনি China Scholarship Council কর্তৃক প্রদত্ত বৃত্তির অর্থায়নে তাঁর অধ্যয়ন সম্পন্ন করেন। তাঁর গবেষণালব্ধ জ্ঞান খরা ও লবণাক্ততা সহিষ্ণু বার্লি তথা অন্যান্য দানা জাতীয় ফসলের জাত উদ্ভাবন করতে সহায়ক হবে। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## জাতির জনকের শুভ জন্মদিন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭ তম জন্মদিন ও শিশুদিবস ২০১৬ যথাযোগ্য মর্যাদা ও ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। অবহেলিত বঞ্চিত বাঙালি জাতির মুক্তির দূত হিসেবে ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বাঙালি জাতির শ্রেষ্ঠ সন্তান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম হয়। তিনি ছিলেন মাতা সাহারা খাতুন ও পিতা শেখ লুৎফর রহমানের ৩য় সন্তান। জন্মের পর তাঁর নানা বঙ্গবন্ধুর নাম রেখে বলেছিলেন এ ছেলের এ নাম হবে বিশ্বখ্যাত। অবশ্য তাই হয়েছে। কাকতালীয় হলেও সত্য মার্চ মাসে বাঙালি জাতি ‘স্বাধীনতা ও বঙ্গবন্ধু’ এ দু’টি শ্রেষ্ঠ উপহার লাভ করেছে। বংশগতি লক্ষ্য করলে দেখা যায় বঙ্গবন্ধু হচ্ছেন দরবেশ শেখ আউয়ালের ৮ম অধস্তন পুরুষ যিনি হযরত বায়েজিদ বোস্তামী (র.) এর সাথে ১৪৬৩ খ্রিস্টাব্দে ধর্ম প্রচারের উদ্দেশ্যে এ অঞ্চলে আগমন করেছিলেন। বঙ্গবন্ধুর এবারের জন্মদিনে সারা দেশবাসীর সাথে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দ বিভিন্ন কর্মসূচি পালনের মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করে। দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে মিলাদ মাহফিল, কোরানখানি ও দোয়া অনুষ্ঠানসহ শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ছিল উল্লেখযোগ্য। ■

## আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাদারীপুরে মাঠ দিবস অনুষ্ঠিত

মটর ডালের উৎপাদন বৃদ্ধি ও চাষ সম্প্রসারণের লক্ষে গত ২৩ জানুয়ারি আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাদারীপুর- এর উদ্যোগে ‘আমন ধানের সাথে বারি মটর-১ এর রিলে ফসল চাষ’ শীর্ষক এক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. আবদুর রাজ্জাক, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, খাদ্য উৎপাদনে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ হলেও ডালে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারিনি। তাই ডাল চাষে কৃষি গবেষণা বেশ কিছু উদ্যোগ নিয়েছে। মটর ডাল চাষাবাদে দক্ষিণাঞ্চলে ডালের উৎপাদন বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। এছাড়া তিনি বিভিন্ন ক্ষেত্রে কৃষি গবেষণার সাফল্য কৃষকদের অবহিত করেন। বিশেষ অতিথিবৃন্দ ডাল জাতীয় ফসলের গবেষণা কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন। উক্ত মাঠ দিবস অনুষ্ঠানে বিজ্ঞানীবৃন্দ, উপসহকারী কৃষি কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ প্রায় ১৫০ জন কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন। ■

## মহান স্বাধীনতা দিবস ২০১৬ উদ্‌যাপন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মহান স্বাধীনতা দিবস ২০১৬ উদ্‌যাপন করা হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের অংশগ্রহণে দিনব্যাপী বিভিন্ন প্রকার ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া বিএআরআই উচ্চ বিদ্যালয়, আনন্দ শিশু কাননের ছাত্র-ছাত্রীদের জন্যও বিভিন্ন প্রকার খেলাধূলার আয়োজন করা হয়। রাতে ইনস্টিটিউটের মেইন বিল্ডিং, সবুজ চত্তর থেকে শুরু করে মেইন গেইট পর্যন্ত মনোরম আলোক সজ্জায় সজ্জিত করা হয়। দুপুরে মসজিদে রাষ্ট্রের কল্যাণ কামনা করে দোয়া করা হয়। আলোক সজ্জার মনোমুগ্ধকর সৌন্দর্য্য অবলোকন করার জন্য সন্ধ্যায় নারী পুরুষ ও শিশু কিশোরদের ব্যাপক সমাগম ঘটে এবং ইনস্টিটিউট চত্তর কিছু সময়ের জন্য হলেও অত্যন্ত প্রাণবন্ত হয়ে ওঠে। সন্ধ্যায় ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে পরিচালক (সেবা ও সরবরাহ) এর সভাপতিত্বে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আলোচনা, মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল আমাদের মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা সংগ্রাম এবং জাতীয় দিবসের প্রেক্ষাপটে আলোচনা করেন। এরপর আমাদের স্বাধীনতা সংগ্রামের বীর মুক্তিযোদ্ধাদের ইনস্টিটিউটের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করেন। সবশেষে বিভিন্ন খেলাধূলায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। ■

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার ভেতর দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদ্‌যাপন করা হয়েছে। দিনের প্রথম প্রহরে রাত বারটা ১ মিনিটে শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য অর্পন করা হয়। ইনস্টিটিউটের মহাপরিচালক পরিচালকদের নিয়ে প্রথমে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পন করেন। এরপর একে একে বারি বিজ্ঞানী সমিতি, বারি কর্মকর্তা কল্যাণ সমিতি, বারি কর্মচারী কল্যাণ সমিতি, বারি শ্রমিক সমিতি, কর্মকর্তা ক্লাব, কর্মকর্তা গৃহিণী ক্লাব, কর্মচারী ক্লাব ও শ্রমিক ক্লাব এবং বিএআরআই উচ্চ বিদ্যালয় ও আনন্দ শিশু কাননসহ নানা সংগঠন শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পন করে। সূর্যোদয়ের সাথে সাথে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদার লড়াইয়ে শহীদদের প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ ইনস্টিটিউটের সামনের চত্তরে জাতীয় পতাকা অর্ধনমিত করে কালো পতাকা উত্তোলন করা হয়। এরপর ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। প্রত্যুষে কালো ব্যাজ ধারণ এবং সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বারি হাই স্কুল ও আনন্দ শিশু কাননের ছাত্র-ছাত্রী, গৃহিণীদের একটি প্রভাতফেরী ক্যাম্পাস প্রদক্ষিণ করে শহীদ মিনারে গিয়ে শেষ হয়। আলোচনা অনুষ্ঠানে বক্তারা ভাষা দিবসের ঐতিহাসিক পটভূমি, তাৎপর্য এবং বর্তমানে করণীয় ইত্যাদি বিষয়ের ওপর আলোকপাত করেন। এরপর শিশু কিশোরদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ■

# প্রশিক্ষণ সংবাদ



গত ১৭ ফেব্রুয়ারি পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের অর্থায়নে সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত পিরোজপুরের জিয়ানগর উপজেলার দড়িচর গ্রামে বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের বিশেষ করে মসুর, মুগ, সরিষা, সূর্যমুখী, তিল, আলু ইত্যাদি ফসলের উৎপাদন প্রযুক্তির উপর কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. আবুল হোসেন, উপ-পরিচালক, ডিএই, পিরোজপুর। এতে সভাপতিত্ব করেন মি. অমিতাভ মন্ডল, উপজেলা কৃষি কর্মকর্তা, জিয়ানগর, পিরোজপুর। এতে প্রায় ২০০ জন কৃষক, গবেষণা কর্মী, সম্প্রসারণ কর্মী, এনজিও কর্মী এবং সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন। প্রকল্পের দায়িত্বে নিয়োজিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গোপালগঞ্জের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব এইচ, এম খায়রুল বাসার সবাইকে স্বাগত জানিয়ে প্রকল্পের সার্বিক দিক তুলে ধরেন এবং সরেজমিনে বারি উদ্ভাবিত বিভিন্ন জাতের সরিষা, আলু, গম সহ অন্যান্য ফসল ঘুরে দেখান। ■

গত ৩০ জানুয়ারি পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের অর্থায়নে সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত গোপালগঞ্জের টুঙ্গিপাড়া উপজেলার কুশলী গ্রামে বারি উদ্ভাবিত সরিষার বিভিন্ন জাতের বিশেষ করে বারি সরিষা ১৪ এবং বারি সরিষা ১৫ এর উৎপাদন প্রযুক্তির উপর কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. জালাল উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব গাজী গোলাম মোস্তফা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. আশরাফ হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর। এতে প্রায় ২০০ জন কৃষক, গবেষণা কর্মী, সম্প্রসারণ কর্মী, এনজিও কর্মী এবং সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন। প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব এইচ এম খায়রুল বাসার জানান যে, বারি সরিষা ১৪ এবং ১৫ স্বল্প মেয়াদী জাত এবং এর উৎপাদন স্থানীয় জাতের তুলনায় বেশি। ■

সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ এবং সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্যোগে "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় খরাপ্রবণ এলাকার জন্য টেকসই ফসল




ব্যবস্থাপনা উদ্ভাবন" শীর্ষক বিসিসিটিএফ প্রকল্পের আওতায় গত ১০-০২-২০১৬ এবং ১১-০২-২০১৬ খ্রি. তারিখে "শস্যবিন্যাস ভিত্তিক বিভিন্ন ফসলের সেচ ও পানি ব্যবস্থাপনা" বিষয়ক ১ (এক) দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ রংপুর এবং রাজশাহীতে অনুষ্ঠিত হয়। প্রতিটি প্রশিক্ষণ ব্যাচে সংশ্লিষ্ট অঞ্চলের ৩০ জন করে মোট ৬০ জন কৃষক/কৃষাণী অংশগ্রহণ করেন। সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ ও সরেজমিন গবেষণা বিভাগের বিজ্ঞানীদের তত্ত্বাবধানে শস্যবিন্যাস ভিত্তিক বিভিন্ন ফসলের সেচের পানি সাশ্রয়ী প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং মাঠে সরেজমিনে উন্নত সেচ প্রযুক্তি দেখানো হয়। ■

গত ১৫-১৬ মার্চ সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্যোগে "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় খরাপ্রবণ ও লবণাক্ত এলাকায় টেকসই ফসল উৎপাদনে বিভিন্ন ফসলে সেচ ও পানি ব্যবস্থাপনা" শীর্ষক ২ (দুই) দিন ব্যাপী বৈজ্ঞানিক সহকারী প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মাননীয় মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. আব্দুল আজিজ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বিএআরআই, গাজীপুর। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ড. মো. আব্দুর রাজ্জাক আকন্দ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই, গাজীপুর। ■

পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ গত ১৭-১৮ মার্চ ফল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার উপর ০২ দিন ব্যাপী এক প্রশিক্ষণের আয়োজন করে। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ভাগ্য রানী বণিক, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ)। বিশেষ অতিথি ছিলেন জনাব মো. শোয়েব হাসান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) এবং গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন জনাব নাসির উদ্দীন, প্রাক্তন পরিচালক (সেবা ও সরবরাহ)। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন ড. মো. মিয়ারুদ্দীন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ. দা.), পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ। পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে ঢাকার উত্তরায় বসবাসরত ৩০ জন গৃহিণী অংশগ্রহণ করেন। ফল সংগ্রহোত্তর বিভিন্ন ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণের উপর ০২ দিন ব্যাপী হাতে-কলমে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়। ■

ইউএসএইড (USAID) এর আর্থিক সহায়তায় সিসা-এমআই প্রকল্পের অধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও আন্তর্জাতিক গম ও ভুট্টা গবেষণা কেন্দ্র (সিমিট) বা বারি-সিমিট কর্মসূচি এবং স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে গত ২২ ফেব্রুয়ারি ফরিদপুর সদর উপজেলার পিয়ারপুর গ্রামে ফসল উৎপাদনে কৃষি যন্ত্রের (পিটিওএস, বেড প্লান্টার, স্ট্রিপটিলার, হ্যান্ডক্র্যাংক স্প্রেডার, রিপার) ব্যবহার শীর্ষক গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর এক কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। উর্ধবতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সেলিম আহম্মেদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, ফরিদপুর অঞ্চলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মহি উদ্দিন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি-সিমিট কর্মসূচির সমন্বয়ক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুরের ড. আ সা ম মাহবুবুর রহমান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, বরিশালের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল ওহাব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলের ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক জনাব সুজন মজুমদার, সিসা-এমআই সিমিট প্রকল্পের ম্যানেজার জনাব সুব্রত চক্রবর্তী ও সগবি গাজীপুরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আককাছ আলী। ■

## আমেরিকান বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের এফএমপিই বিভাগ পরিদর্শন

গত ২২ মার্চ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ইলিনয়েস বিশ্ববিদ্যালয়, আমেরিকা এবং কানসাস স্টেট বিশ্ববিদ্যালয়, আমেরিকা এর




আমেরিকান বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের সাথে ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কমকর্তা ড. মো. এছরাইল হোসেন

প্রতিনিধিগণ দেশের চলমান কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও লাগসইকরণ কর্মকাণ্ড বেগবান করার লক্ষে এফএমপিই বিভাগ, বারি , গাজীপুর পরিদর্শন করেন। প্রফেসর মো. মঞ্জুরুল আলম-এর নেতৃত্বে উক্ত দলে ছিলেন প্রফেসর এলান হানসেন, প্রফেসর প্রসান্ত কালিটা, ড. বেঞ্জামিন সোয়াব, মি. টিমোথি রেন্ডাল, প্রফেসর চয়ন কুমার সাহা এবং প্রফেসর সাহানা বেগম। ড. মো. এছরাইল হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান এবং বিভাগের বিজ্ঞানীগণ উক্ত পরিদর্শক দলকে শুরুতেই গবেষণা মাঠে বেড প্লান্টার মেশিন চালনা করে দেখান। এছাড়াও পরিদর্শকদের পাম্প টেস্টিং ল্যাব এ বিভিন্ন রকম পাম্প যেমন: সোলার পাম্প, এক্সিয়াল ফ্লো পাম্প ইত্যাদি সরেজমিনে চালনা করে দেখানো হয়। পরবর্তীতে পরিদর্শকদের মেশিনারী ওয়ার্কশপে নেয়া হয় এবং বিভিন্ন মেশিন প্রস্তুতকরণ সম্পর্কে ধারণা দেয়া হয় এবং ভেজিটেবল ওয়াশিং মেশিন সহ বিভিন্ন মেশিন চালিয়ে দেখানো হয়। ■

## আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (CIMMYT) মহাপরিচালক-এর গম গবেষণা কেন্দ্র, দিনাজপুর পরিদর্শন

গত ১১ মার্চ আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (CIMMYT)-মেক্সিকোর মহাপরিচালক Dr. Martin Kropff গম গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর-



সিমিট মহাপরিচালক Dr. Martin Kropff গবেষণা মাঠ পরিদর্শন করছেন

এর গবেষণা কার্যক্রম পরিদর্শন করেন। ষাট এর দশক থেকে বাংলাদেশে গম চাষ বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও জার্মপ্লাজম দিয়ে গবেষণা কার্যক্রম সমৃদ্ধকরণে CIMMYT সহযোগিতা করে আসছে। মাঠ পরিদর্শন শেষে এক সংক্ষিপ্ত সভায় Dr. Martin Kropff বলেন "We have to make sure that we have communicated very well and our scientists are ready to support you in this country"। এ ছাড়াও তিনি রংপুর অঞ্চলের বিভিন্ন কৃষকের মাঠ পরিদর্শন এবং কৃষকদের সংগে মত বিনিময় করেন। তাঁর সফরসংগী হিসেবে ছিলেন Mrs. Kropff, বাংলাদেশে সিমিটের প্রতিনিধি Dr. T. P. Tiwari এবং সিমিট বাংলাদেশের প্রতিনিধিবৃন্দ।

এছাড়াও গত ১৭ মার্চ আমেরিকার কানসাস স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক Dr. Jesse Poland গম গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর -এর গবেষণা কার্যক্রম পরিদর্শন করেন। ■

## গম, ভুট্টা, তৈলবীজ ও ডাল ফসলের মানসম্পন্ন বীজ উৎপাদন শীর্ষক প্রশিক্ষণ

ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রডাক্টিভিটি প্রকল্পের (আইএপিপি) আওতায় আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুরের আয়োজনে আরএআরএস, সেমিনার রুমে উপজেলা কৃষি কর্মকর্তা, বৈজ্ঞানিক কর্মকর্তা ও এনজিও প্রতিনিধিদের নিয়ে ৩ দিনব্যাপি ২৮ ফ্রেবুয়ারি- ১ মার্চ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল গম, ভুট্টা, তৈলবীজ ও ডাল ফসলের মানসম্পন্ন বীজ উৎপাদন নিশ্চিত করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা।

প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. আব্দুল কাদের, প্রকল্প পরিচালক (আইএপিপি) ও যুগ্ম-সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা। প্রধান অতিথি তাঁর বক্তব্যে প্রকল্পের উদ্দেশ্য ও সফলতা তুলে ধরেন ও মানসম্পন্ন বীজ উৎপাদন করে মাঠ পর্যায়ে কৃষকের মাঝে পৌছে দেয়ার আহ্বান জানান।

বিশেষ অতিথি ছিলেন কৃষিবিদ রামেন্দ্র নাথ বাড়ৈ, উপ-পরিচালক, খামারবাড়ি, বরিশাল ও ড. মো. মিজানুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক (আইএপিপি), বরিশাল অঞ্চল। সভাপতিত্ব করেন ড. মোহাম্মদ জালাল উদ্দীন, প্রকল্প সমন্বয়কারী, আইএপিপি (বারি-পার্ট) ও পরিচালক (গবেষণা), বিএআরআই, গাজীপুর। এছাড়া আরও উপস্থিত ছিলেন ড. মো. আব্দুল ওহাব, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর এবং বিএআরআই, গাজীপুর থেকে আগত ও অত্র কেন্দ্রের বিভিন্ন পর্যায়ের বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ। ■




সভাপতির বক্তব্য রাখছেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ জালাল উদ্দীন

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## আইএপিপি প্রকল্পের দক্ষিণাঞ্চলের আঞ্চলিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১৬

গত ২৩ জানুয়ারি, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুরের আয়োজনে আরএআরএস, সেমিনার রুমে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে বিএআরআই এর আইএপিপি ফসলসমূহের উপর "আঞ্চলিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১৬" অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএআরআই-এর মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল। বিশেষ অতিথি ছিলেন কৃষিবিদ তুষার কান্তি সমাদ্দার, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), বরিশাল অঞ্চল, খামারবাড়ি, বরিশাল। সভাপতিত্ব করেন ড. মোহাম্মদ জালাল উদ্দীন, প্রকল্প সমন্বয়কারী, আইএপিপি (বারি-পার্ট) ও পরিচালক (গবেষণা), বিএআরআই, গাজীপুর। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ড. মো. আব্দুল ওহাব, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর। উক্ত অনুষ্ঠানে আইএপিপি প্রকল্পের উদ্দেশ্য, চলমান কার্যক্রম ও বারি অংগের আইএপিপি প্রকল্পে অবদান সর্ম্পকে আলোকপাত করেন প্রকল্পের উপ-প্রকল্প সম্বন্বয়কারী ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা) ড. মো. সিদ্দিকুর রহমান। কর্মশালায় বিএআরআই-এর বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী, আইএপিপি অন্যান্য কম্পোনেন্টের কর্মকর্তাবৃন্দ, এনজিও প্রতিনিধি এবং কৃষক প্রতিনিধিসহ ৫০ জন উপস্থিত ছিলেন। ■



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল

## অতিরিক্ত সচিব (পিপিসি) মহোদয়ের পিজিআরসি পরিদর্শন

গত ২৭ ফেব্রুয়ারি জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয় মহোদয় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র পরিদর্শনে আসেন। ড. আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; ড. মো. আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য, রুটিন দায়িত্ব), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; ড. মো. আনছার আলী, পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট। জনাব মো. শোয়েব হাসান, পরিচালক (সেবা ও সরবরাহ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং ড. মো. আমজাদ হোসেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র অত্র কেন্দ্রের সকল বিজ্ঞানীদেরকে নিয়ে অতিথিবৃন্দকে স্বাগত জানান। অতিথিবৃন্দ উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রে চলমান AFACI প্রকল্পের গবেষণা মাঠসহ অন্যান্য ফসলের গবেষণা মাঠসমূহ পরিদর্শন করেন। এরপর অত্র কেন্দ্রের মলিকুলার বায়োলজি ল্যাবে চলমান মরিচের মলিকুলার বৈশিষ্টায়ন কার্যক্রম, স্বল্প ও দীর্ঘ মেয়াদী বীজ সংরক্ষণাগার এবং অন্যান্য গবেষণাগার পরিদর্শন করেন। কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা AFACI প্রকল্পের গবেষণা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অতিরিক্ত সচিব (পিপিসি) মহোদয়কে অবহিত করেন। ■



জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব (পিপিসি) মরিচের বৈশিষ্ট্যায়ন পরীক্ষণ পরিদর্শন করছেন

## বারি সরিষা - ১৪ এর উপর মাঠ দিবস

গত ২১ জানুয়ারি সরেজমিন গবেষণা বিভাগ, বি এ আর আই, ময়মনসিংহের উদ্দ্যোগে সদর উপজেলার চরখরিচায় বারি সরিষা-১৪ এর উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে এলাকার ১৫০ জন কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মী, বেসরকারী সংস্থার প্রতিনিধি এবং স্থানীয় জনপ্রতিনিধি সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। ১৫ (পনের) একর জমিতে বারি সরিষা-১৪ এর উৎপাদন প্রযুক্তির আধুনিকায়ন সর্ম্পকিত তথ্যাবলী চাষীদের সরেজমিনে দেখানো হয়। মাঠ দিবসের কার্যক্রম স্থানীয় ও জাতীয় প্রিন্ট মিডিয়া এবং ইলেকট্রনিক মিডিয়াতে প্রচারিত হয়। মাঠ দিবসে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সম্মানিত পরিচালক (প্র. ও যো.) ড. ভাগ্য রানী বণিক প্রধান অতিথি হিসেবে এবং জনাব মো. আলতাবুর রহমান, উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ■



গবেষণা মাঠ পরিদর্শন করছেন পরিচালক (প্র. ও যো.) ড. ভাগ্য রানী বণিক

## বিএআরআই মহাপরিচালক মহোদয়ের মসলা গবেষণা উপ-কেন্দ্র, লালমনিরহাট পরিদর্শন

গত ৪ মার্চ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল, পরিচালক (গবেষণা) ড. মো. জালাল উদ্দিন, গম গবেষণা কেন্দ্রের পরিচালক ড. মোহাম্মদ হোসেন, আরএআরএস রংপুরের সিএসও ড. মো. আবু আলম মন্ডল এবং মসলা গবেষণা কেন্দ্র, বগুড়ার সিএসও ড. মো. কলিম উদ্দিনকে সাথে নিয়ে উপ-কেন্দ্র পরিদর্শন করেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উপ-কেন্দ্র প্রধান ড. মো. কামরুল ইসলাম তাদেরকে স্বাগত জানান। মহাপরিচালক মহোদয় গবেষণা মাঠ এবং চিনাবাদামের সাথে পিঁয়াজ-রসুনের আন্তঃফসল ও বিটি বেগুনের বীজ উৎপাদন মাঠ ঘুরে দেখেন এবং সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। এ সময় মৌরি ও রসুনের আঞ্চলিক ফলন পরীক্ষা ও কেন্দ্রের উন্নয়ন বিষয়ে উপদেশ ও নির্দেশনা প্রদান করেন। ■



গবেষণা মাঠ পরিদর্শন করছেন বিএআরআই মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মন্ডল

মুখ্য সম্পাদক : ড. ভাগ্য রানী বণিক
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
সহযোগী সম্পাদক : ড. মো. লুৎফর রহমান
মাহবুবা আফরোজ চৌধুরী
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- ৯২৯৪০৪৬
ডিজাইন ও মুদ্রণে : বেঙ্গল কম-প্রিন্ট
৬৮/৫, গ্রীনরোড, ঢাকা।
ফোন- ০১৭১৩ ০০৯৩৬৫